দৈনিক বাংলা

010

তারিখ ... ৫/৩/৮৫

পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

# পাঠ্যবই পাওয়া যাবে!

এখন মার্চ মাস। স্কুল সেশনের দুই মাস কাবার। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বাজারে এখন ৮ম ও ৯ম শ্রেণীর বই পাওয়া যাবে। বেটার লেট দ্যান নেভার। একেবারে না পাওয়ার চাইতে বিলম্বে পাওয়াও ভাল। খুশীর খবরই বলতে হবে, বাজারে এখন ক্লাস এইট ও নাইনের পাঠ্যবই মিলবে। ছাত্রছাত্রীরা বইয়ের মুখ দেখতে পাবে।

পাঠ্যবই সম্পর্কে ছাত্রছাত্রীদের মনে কিছুটা অনীহা, কিছুটা ভয়-ভীতি থাকে। তাদের অনেকেই সহজে পাঠ্যবই স্পর্শ করতে চায় না। গল্পের বইয়ে তাদের যতটা আগ্রহ পাঠ্যবইয়ে ততটা নয়। টেক্সটবুক বোর্ডকে সাধুবাদই জানাতে হয়, বই বাজারে ছাড়তে তাদের বিলম্ব অমনোযোগী ছাত্রছাত্রীদেরও পাঠ্যবই সম্পর্কে কৌতূহলী করে তুলেছে। তারাও এখন বই চায়।

পাঠ্যবই নিয়ে এই ঘাপলা কেন যে মিটছে না তা আমরা কিছুতেই বুঝতে পারি না। পাঠ্যবই দেরীতে প্রকাশ হয়, পাঠ্যবইয়ের মান খারাপ, মুদ্রণ খারাপ—টেক্সট বুক বোর্ড তাহলে করেন কি? এ ব্যাপারে যত্নবান হওয়ার জন্যে সংশ্লিষ্টদের প্রতি আমরা আহ্বান জানাই।